রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, আগস্ট ২৭, ২০০৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**কৃষি মন্ত্রণালয়**

**বীজ উইং**

**বিজ্ঞপ্তি**

তারিখ, ২৬ আগস্ট ২০০৯

**নং কৃষি/বীজ উইং/বীজ প্রশা-৩২/০৮/৫৩৭**—জাতীয় বীজ বোর্ডের ৫৮তম সভার সিদ্ধান্ত অনুযায়ী উন্নত জাতের অবমুক্ত বা স্থানীয় উন্নত জাতের মানসম্মত প্রপাগিউল এর ব্যবহার বৃদ্ধি, উৎপাদন, উন্নয়ন, রক্ষণাবেক্ষণ এবং উন্নত নার্সারী ব্যবস্থাপনা অর্থাৎ প্রজনন কর্মকান্ড হতে বাজারজাতকরণ পর্যন্ত নার্সারী শিল্পের সুষম উন্নয়ন ত্বরান্বিত করার সার্বিক লক্ষ্য ও উদ্দেশ্য নিয়ে নার্সারী গাইডলাইনস, ২০০৮ প্রণয়ন করা হয়েছে। সরকার কর্তৃক প্রণীত নার্সারী গাইডলাইনস, ২০০৮ নার্সারী ব্যবসায় অনুসরণ করার লক্ষ্যে প্রকাশ করা হলো।

## নার্সারী গাইডলাইনস (Nursery Guidelines), ২০০৮

### ১. ভূমিকা

বাংলাদেশের অর্থনীতিতে বনজ, ফলজ, ভেষজ, শোভাবর্ধনকারী উদ্ভিদ ও অন্যান্য উদ্যান ফসলের গুরুত্ব অপরিসীম। বনজ, ফলজ, ভেষজ ও শোভাবর্ধনকারী উদ্ভিদ অর্থনৈতিক ও পরিবেশ উন্নয়নে অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। পুষ্টির দিক হইতেও উদ্যান ফসল অত্যন্ত গুরুত্বপূর্ণ। লাভজনক হইবার কারণে ইহার চাষও দিন দিন বৃদ্ধি পাইতেছে। বাংলাদেশে বর্তমানে প্রায় ৭০ ধরনের ফল, ৯০ ধরনের শাকসবজি, ৩০ ধরনের মসলা জাতীয় ফসল ও বিভিন্ন রকমের ফুল, বনজ, ভেষজ ও শোভাবর্ধনকারী উদ্ভিদ উৎপাদিত হয়।



**মূল্য ঃ** টাকা ১৪.০০

দেশের বৃক্ষসম্পদ বৃদ্ধি এবং খাদ্য ও পুষ্টি চাহিদা মিটাইতে দেশের নার্সারী শিল্প বিশেষ ভূমিকা পালন করিয়া থাকে। নার্সারী শিল্প সম্প্রসারণের ফলে বনজ, ভেষজ ও শোভাবর্ধনকারী উদ্ভিদ ও উদ্যান ফসল রোপণে জনগণ উৎসাহিত হইতেছে। ব্যক্তিগত বা সরকারি উদ্যোগে নতুন নতুন বীজ ও চারা বাংলাদেশে নিয়মিত আমদানি হইতেছে বলিয়া ইহার সংখ্যা দিন দিন বৃদ্ধি পাইতেছে। কিন্তু এই সব উদ্ভিদের বংশ বৃদ্ধির জন্য যে সব বীজ, চারা, কলম বা অন্যান্য প্রপাগিউল সামগ্রী ব্যবহার করা হইতেছে নানাবিধ কারণে এইগুলির মাননিয়ন্ত্রণ ব্যবস্থা দেশে অদ্যাবধি গড়িয়া ওঠে নাই। বাংলাদেশে উদ্যান ফসলের বেশ কিছু ভাল জাত উদ্ভাবন করা হইলেও মাঠপর্যায়ে এইগুলির ফলন ও গুণগতমান আশানুরূপ নহে। তাহাছাড়া উদ্যান ফসল লাভজনক হিসাবে বিবেচিত হওয়া সত্ত্বেও এর ফলন আশানুরূপ বৃদ্ধি পাইতেছে না। সরকারী ও বেসরকারী প্রতিষ্ঠানের প্রচারের ফলে বনজ, ফলজ, ভেষজ ও শোভাবর্ধনকারী উদ্ভিদ রোপণের বিষয়ে জনসাধারণ দিন দিন উৎসাহিত হইতেছে। কিন্তু এ সকল উদ্ভিদ ও উদ্যান ফসলের মানসম্মত বীজ, চারা, কলম ও অন্যান্য প্রপাগিউলের অভাবে জনগণ অনেক ক্ষেত্রেই ক্ষতির সম্মুখীন হইতেছে। ফলে লাভের পরিমাণও আশানুরূপ হইতেছে না।

মাঠ ফসলের বেলায় যেমন ভাল বীজে ভাল ফসল উৎপন্ন হয় তদ্রুপ বনজ, ফলজ, ভেষজ ও শোভাবর্ধনকারী উদ্ভিদ ও উদ্যান ফসলের বেলায়ও ভাল ফসল উৎপাদনের পূর্বশর্ত হইতেছে মানসম্মত চারা ও কলম রোপণ করা। কিন্তু আমাদের দেশে বনজ, ফলজ, ভেষজ ও শোভাবর্ধনকারী উদ্ভিদের ও উদ্যান ফসলের রোপণযোগ্য অংশের মান রক্ষার্থে কোন নির্দিষ্ট মানদন্ড বা কোয়ালিটি স্ট্যান্ডার্ড নাই বলিয়া নার্সারী ব্যবসা পরিচালনা ও ব্যবস্থাপনায় বীজ, চারা, কলম ও অন্যান্য প্রপাগিউলের মান রক্ষা করা বা কোয়ালিটি মানিয়া চলার গুরুত্ব অনুধাবন করে না। বিভিন্ন চারার উচ্চতা ও ব্যাসার্ধের অনুপাত, শাখার উচ্চতা ও শিকড় ও বিটপের দৈর্ঘের অনুপাত, চারার মাটির বলের পরিমাণ এর সুনির্দিষ্ট কোন নীতি বা স্ট্যান্ডার্ড এখন পর্যন্ত প্রবর্তন হয় নাই। তদুপরি বংশ বিস্তারে বনজ উদ্ভিদের ক্ষেত্রে কাঠের উৎপাদন ও ফলজ উদ্ভিদের ক্ষেত্রে ফলের উৎপাদন ও গুণাগুণ বা ভাল জাতের বিষয়টিও অনেক ক্ষেত্রেই উপেক্ষিত হইয়া আসিতেছে। এইসব কারণে একদিকে বনজ ও ফলজ গাছের নিম্নমানের চারা ও কলম উৎপাদিত হইতেছে, অন্যদিকে মাঠ পর্যায়ে উৎপাদনও আশানুরূপ হইতেছে না। মাঠে রোপণ বা বপণের পর নিম্নমানের চারা-কলমের জীবিত থাকার (Survival) হারও কম। বহুবর্ষজীবী (Perennial) বনজ, ফলজ, ভেষজ ও শোভাবর্ধনকারী উদ্ভিদের ও উদ্যান ফসলের বেলায় প্রচলিত নিম্নমানের চারা রোপণের ফলে যেমন অর্থের অপচয় হইতেছে অন্যদিকে ইহার প্রভাবে বা কম ফলনের কারণে সময় ও অর্থের যে ক্ষতিসাধিত হইতেছে তাহা পরবর্তীতে কোনভাবেই পূরণ করা সম্ভব হয় না। সব্জির ক্ষেত্রেও ভাল জাতের বীজ ব্যবহার না করা হইলে ফলন ও আয় উভয়ই কমিয়া যায় এবং মাঠে উৎপাদনের ঝুঁকিও বাড়িয়া যায়। উল্লেখিত কারণে বনজ, ফলজ, ভেষজ ও শোভাবর্ধনকারী উদ্ভিদ এবং উদ্যান ফসলের সুস্থ-সবল চারা, কলম বা প্রপাগিউল উৎপাদন ও সরবরাহের জন্য বিভিন্ন ফসলের জাতের বৈশিষ্ট্য অনুযায়ী গুণগতমান (Quality Standerd) বজায় রাখার প্রয়োজনীয়তা বিবেচনা করিয়া "নার্সারী গাইডলাইনস, ২০০৮" প্রণয়ন ও ব্যবহারের ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে।

নার্সারী শিল্প দেশের অর্থনৈতিক কর্মকান্ডে বর্তমানে উল্লেখযোগ্য ভূমিকা রাখিতেছে। ইহার ক্ষেত্রেও তৈরী হইতেছে প্রতিযোগিতা। ''নার্সারী গাইডলাইনস, ২০০৮" প্রণয়ন ও ইহার অনুসরণের ফলে নার্সারী মালিকগণ যেমন ভাল জাতের উন্নতমানের চারা, কলম ও অন্যান্য প্রপাগিউল উৎপাদনে

উৎসাহিত হইবে তদ্রুপ কৃষক ও সাধারণ জনগণ তা রোপণ করিয়া গুণগতমানের অধিক বনজ, ফলজ, ভেষজ ও শোভাবর্ধনকারী উদ্ভিদ এবং উদ্যান ফসল উৎপাদনের মাধ্যমে তাহাদের আর্থিক অবস্থার উন্নতিসহ পারিবারিক পুষ্টি চাহিদা পূরণ করিতে সক্ষম হইবে। এই গাইডলাইনস বাস্তবায়নের ফলে বনজ, ফলজ, ভেষজ ও শোভাবর্ধনকারী উদ্ভিদ এবং উদ্যান ফসল রোপণ ও চাষাবাদে অর্থ ও সময়ের অপচয়রোধসহ উন্নতমানের চারা বা প্রপাগিউল উৎপাদন ও বাজারজাতকরণে সহায়ক হইবে।

**২. গাইডলাইনস এর শিরোনাম ও পরিধি**

২.১ এই গাইডলাইনস "নার্সারী গাইডলাইনস (Nursery Guidelines) , ২০০৮" নামে অভিহিত হইবে।

২.২ এই নীতিমালা উদ্যান ফসলের এবং বনজ, ভেষজ ও শোভাবর্ধনকারী উদ্ভিদের বীজ, কন্দ, চারা, কলম, স্ট্যাম্প ইত্যাদি বাণিজ্যিকভাবে উৎপাদনকারী ও বাজারজাতকারী নার্সারীর জন্য প্রযোজ্য হইবে।

২.৩ এই নীতিমালা সরকার কর্তৃক গেজেট জারীর মাধ্যমে কার্যকর হইবে।

**৩. সংজ্ঞা**

৩.১ **নার্সারী ঃ** নার্সারী অর্থ এমন স্থান যাহা চারা উৎপাদন কেন্দ্র হিসাবে পরিচিত এবং যেখানে বিপণনের পূর্ব পর্যন্ত চারা পরিচর্যা ও রক্ষণাবেক্ষণ করা হয় এবং বিপণন করা হয়।

৩.২ **উদ্যান নার্সারী ঃ** উদ্যান নার্সারী বলিতে উদ্যান ফসলের চারা, কলম, বীজ ও অন্যান্য প্রপাগিউল এর উৎপাদন, বংশবিস্তার ও বিপণন স্থানকে বুঝাইবে।

৩.৩ **বনজ নার্সারী ঃ** বনজ নার্সারী বলিতে বনজ ও ভেষজ উদ্ভিদের চারা, কলম, বীজ ও অন্যান্য প্রপাগিউল এর উৎপাদন, বংশ বিস্তার ও বিপণন স্থানকে বুঝাইবে।

**৩.৪** **উদ্যানতত্ত্ব** ঃ উদ্যানতত্ত্ব বলিতে উদ্যান বা বাগানে উৎপাদিত ফসল যেমন ফুল, ফল, শাকসবজী, মসলা, প্ল্যান্টেশন ক্রপ ও অন্যান্য শোভাবর্ধনকারী উদ্ভিদের চাষাবাদ বুঝাইবে।

৩.৫ **উদ্যান ফসল ঃ** উদ্যান ফসল (Horticultural Crops) বলিতে বেড়াযুক্ত স্থানে বা নিবিড় পরিচর্যায় উৎপাদিত ফসলকে বুঝাইবে। ফুল, ফল, শাকসবজী, মসলা, প্ল্যান্টেশন ক্রপ, ভেষজ ও শোভাবর্ধনকারী উদ্ভিদ উদ্যান ফসলের অন্তর্ভুক্ত।

৩.৬ **বনায়ন ঃ** বনায়ন বলিতে বিভিন্ন বনজ উদ্ভিদ যেমন-কাঠ উৎপাদনক্ষম, জ্বালানী কাঠ উৎপাদনক্ষম, পাল্প উৎপাদনক্ষম ও ভেষজ উদ্ভিদ এবং বাঁশ, বেত এর চাষাবাদ বুঝাইবে।

৩.৭ **প্রপাগিউল ঃ** প্রপাগিউল বলিতে বংশ বিস্তারের জন্য ব্যবহৃত বীজ, পাতা, কান্ড, শাখা-প্রশাখা, কাটিং, কলম, গ্রাফটিং, বাডিং, গুটি, ষ্টোলন, কন্দ, রাইজম, বাল্ব, গুড়িকন্দ, স্ট্যাম্প, সাকার ও শিকড়সহ গাছের যাবতীয় অংশকে বুঝাইবে।

৩.৮ **কর্তৃপক্ষ ঃ** কর্তৃপক্ষ বলিতে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর জাতীয় বীজ বোর্ডকে বুঝাইবে।

৩.৯ **আদিজোড় (Rootstock) ঃ** কলম করিবার উদ্দেশ্যে যে চারা বা গাছের উপর উপজোড় (সায়ন/কুঁড়ি) সংযোজন করা হয় উহাকে বুঝাইবে।

৩.১০ **উপজোড় (Scion) ঃ** কলম করিবার উদ্দেশ্যে যে সায়ন বা কুড়ি আদিজোড়ের উপর সংযোজন করা হয় উহাকে বুঝাইবে।

৩.১১ **লেবেল/ট্যাগ ঃ** ট্যাগ বা লেবেল বলিতে কাগজ, প্লাস্টিক, ধাতব পদার্থ বা অনুরূপ সামগ্রীকে বুঝাইবে যাহার উপর নার্সারীর নাম, সংক্ষিপ্ত ঠিকানা, বীজ, চারা, কলম বা প্রপাগিউল সামগ্রীর নাম, জাত ও উৎপাদনের তারিখ লিপিবদ্ধ থাকিবে।

৩.১২ **উন্নত জাত ঃ** উন্নত জাত বলিতে উদ্যান ফসলের এবং বনজ, ভেষজ ও শোভাবর্ধনকারী উদ্ভিদের অবমুক্ত, প্রত্যায়িত বা অনুমোদিত উচচ ফলনশীল জাতকে বুঝাইবে।

৩.১৩ **স্থানীয় উন্নত জাত ঃ** স্থানীয় উন্নত জাত বলিতে উদ্যান ফসল এবং বনজ, ভেষজ ও শোভাবর্ধনকারী উদ্ভিদের স্থানীয়ভাবে জনপ্রিয়, মানসম্পন্ন, উচচ ফলনশীল জাতকে বুঝাইবে।

৩.১৪ **স্ট্যাম্প ঃ** স্ট্যাম্প বলিতে সরাসরি চারা রোপণের পরিবর্তে চারার কান্ড ও শিকড় সম্বলিত আড়াআড়িভাবে কর্তিত কান্ডকে বুঝাইবে।

৩.১৫ **অনুপযোগী চারা (Cull Seedling)ঃ** অনুপযোগী চারা বলিতে খর্বাকৃতি, দুর্বল, লিকলিকে, রোগাক্রান্ত ও পোকা আক্রান্ত চারা বুঝাইবে। দুই বছরের বেশী বয়সের চারাও Cull Seedling বুঝাইবে।

৩.১৬ **উদ্ভিদ ঃ** উদ্ভিদ বলিতে বিরুৎ (herbs), গুল্ম (shrubs) ও বৃক্ষ (trees) জাতীয় গাছ-পালাকে বুঝাইবে।

৩.১৭ **ফলজ উদ্ভিদ ঃ** ফলজ উদ্ভিদ বলিতে প্রচলিত ও স্বল্প প্রচলিত ফল প্রদানকারী বিরুৎ, গুল্ম ও বৃক্ষরাজীকে বুঝাইবে।

৩.১৮ **বনজ উদ্ভিদ ঃ** বনজ উদ্ভিদ বলিতে গৃহনির্মাণ, আসবাবপত্র তৈরী, গো-খাদ্য, জ্বালানী ও বাহারী ব্যবহারের জন্য প্রাকৃতিক বা নিয়ন্ত্রিত উপায়ে উৎপাদিত বাঁশ, বেত, বিরুৎ, গুল্ম ও বৃক্ষরাজীকে বুঝাইবে।

৩.১৯ **ভেষজ উদ্ভিদ ঃ** ভেষজ উদ্ভিদ বলিতে ঔষধি গুণসম্পন্ন বহুল ব্যবহৃত বিরুৎ, গুল্ম ও বৃক্ষরাজীকে বুঝাইবে।

**৪. নার্সারী গাইডলাইনস এর লক্ষ্য ও উদ্দেশ্য ঃ**

**৪.১ নার্সারী গাইডলাইনস এর লক্ষ্য হইতেছে—**

উন্নত জাতের অবমুক্ত, অনুমোদিত বা স্থানীয় উন্নত জাতের মানসম্মত প্রপাগিউল এর ব্যবহার বৃদ্ধির মাধ্যমে উদ্যান ফসলের এবং বনজ, ভেষজ ও শোভাবর্ধনকারী উদ্ভিদের গুণগত মান নিয়ন্ত্রণ, ফলন বৃদ্ধি ও উৎপাদন বৃদ্ধি।

**৪.২ নার্সারী গাইডলাইনস এর উদ্দেশ্য হইতেছে—**

৪.২.১ উদ্যান ফসলের এবং বনজ, ভেষজ ও শোভাবর্ধনকারী উদ্ভিদের অবমুক্ত, অনুমোদিত ও স্থানীয় উন্নত জাতের বীজ, চারা, কলম ও অন্যান্য প্রপাগিউলের উৎপাদন, উন্নয়ন, রক্ষনাবেক্ষণ ও বিপণন।

৪.২.২ প্রপাগিউলের মান ও নার্সারী শিল্প উন্নয়ন বা বাণিজ্যিকীকরণ বিষয়াদি পর্যবেক্ষণ, নিয়ন্ত্রণ ও পরিচালনা।

৪.২.৩ উন্নতমানের প্রপাগিউল উৎপাদন, সংরক্ষণ ও বাজারজাতকরণ ও উন্নত প্রপাগিউল এর ব্যবহারের উপর সরকারি ও বেসরকারি নার্সারী মালিক, নার্সারীম্যান/গার্ডেনার/মালী/কৃষক প্রশিক্ষণ ও কারিগরী সহায়তা প্রদানের মাধ্যমে উন্নত নার্সারী ব্যবস্থাপনা প্রযুক্তি সম্প্রসারণ।

৪.২.৪ প্রশিক্ষণ এবং প্রযুক্তি সহায়তার মাধ্যমে সরকারী ও বেসরকারী নার্সারী খাতের উন্নয়ন।

৪.২.৫ প্রজনন কর্মকান্ড হইতে বাজারজাতকরণ পর্যন্ত নার্সারী শিল্পের সকল পর্যায়ে সরকারি ও বেসরকারি খাতে যোগাযোগ বৃদ্ধি ও সমন্বয়ের মাধ্যমে নার্সারী শিল্পের সুষম উন্নয়ন ত্বরান্বিত করা।

**৫. নার্সারী স্থাপন ও করণীয়**

একটি বাণিজ্যিক নার্সারী স্থাপন করিবার জন্য নিম্নলিখিত নির্দেশনাসমূহ অনুসরণ করিতে হইবে। নতুন এবং পুরণো সকল নার্সারীর জন্য এই নির্দেশনা প্রযোজ্য হইবে ঃ

৫.১ নার্সারীর নাম, পূর্ণ ঠিকানা ও রেজিস্ট্রেশন সম্বলিত সাইনবোর্ড থাকিতে হইবে।

৫.২ সাইনবোর্ড কমপক্ষে ৩´×২´ মাপের হইবে।

৫.৩ নার্সারীর জন্য নিজস্ব,বন্দোবস্ত বা ভাড়া করা জমি থাকিতে হইবে।

৫.৪ উঁচু, বন্যামুক্ত ও পর্যাপ্ত আলো বাতাসযুক্ত স্থানে নার্সারী স্থাপন করিতে হইবে।

৫.৫ পানি সেচ ও পানি নিষ্কাষণের সু-ব্যবস্থা থাকিতে হইবে।

৫.৬ প্রয়োজন অনুযায়ী নার্সারীতে অন্যান্য সুবিধা যেমন নার্সারী সেড, মিস্ট প্রোপাগেশন হাউজ, নেট হাউজ, ল্যাথ হাউজ বা পলি হাউজ এর ব্যবস্থা থাকিতে হইবে।

৫.৭ নার্সারী সুরক্ষার জন্য বেড়া থাকিতে হইবে।

৫.৮ নার্সারীর ভিতর চলাচলের সুব্যবস্থা থাকিতে হইবে।

৫.৯ উদ্যান নার্সারীর বেলায়, প্রয়োজন হলে, ছায়া প্রদানকারী গাছ থাকিতে হইবে। তবে বনজ নার্সারীর বেলায় ছায়া প্রদানকারী গাছ অত্যাবশ্যক নয়।

৫.১০ মাতৃগাছের উৎস হইতে বীজ, সায়ন, কুড়ি সংগ্রহ করিতে হইবে।

৫.১১ বীজ থেকে চারা উৎপাদনের স্থায়ী বেড থাকিতে হইবে।

**৬. নার্সারী নিবন্ধীকরণ ও কর্তৃপক্ষের করণীয় বিষয়াদি**

৬.১ নতুন নার্সারী স্থাপন ও ইতোমধ্যে স্থাপিত নার্সারী পরিচালনার জন্য নিবন্ধীকরণের প্রয়োজন হইবে। নিবন্ধীকরণের জন্য নির্ধারিত ফরম পূরণ করিয়া উপজেলা কৃষি কর্মকর্তার মাধ্যমে সংশ্লিষ্ট উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (ডিএই) বরাবর আবেদন করিতে হইবে। নিবন্ধন সনদ গ্রহণ করিবার পূর্বে " লাইনেন্স ফি" বাবদ ৫০০/-(পাঁচশত) টাকা চালানের মাধ্যমে (খাতের কোড নম্বর ঃ ১-৪৩৩১-০০০০-১৮৫৪) জমা দিতে হইবে। কর্তৃপক্ষ প্রয়োজনে এই জমার টাকার পরিমাণ পুনঃবন্টন করিতে পারিবেন। কর্তৃপক্ষের পক্ষে উপ-পরিচালক, ডিএই কর্তৃক নির্ধারিত নির্ণায়কের মাধ্যমে আবেদনের গ্রহণযোগ্যতা যাচাই-বাছাইপূর্বক নিবন্ধনের আবেদন অনুমোদন প্রদান করিবেন। অতঃপর তাহা কর্তৃপক্ষকে অবগত করিতে হইবে।

৬.২ কর্তৃপক্ষ নিবন্ধনের পর যে কোন সময় নার্সারীর কার্যক্রম পর্যবেক্ষণ করিতে পারিবে ও পর্যবেক্ষণ নীতিমালার আলোকে সন্তোষজনক বিবেচিত না হইলে নার্সারীর নিবন্ধন বাতিল করিতে পারিবে।

৬.৩ প্রতি পাঁচ বৎসর অন্তর নিবন্ধন নবায়ন করিতে হইবে। প্রতিবার নবায়নের সময় ৬.১ অনুচেছদ অনুযায়ী নির্ধারিত ৫০০/-(পাঁচশত) টাকা চালানের মাধ্যমে উপজেলা কৃষি কর্মকর্তা (কর্তৃপক্ষের) বরাবর জমা দিতে হইবে ও নির্দিষ্ট ফরমে নবায়নের জন্য আবেদন করিতে হইবে। সংশ্লিষ্ট উপ-পরিচালক, ডিএই পাঁচ বৎসরের জন্য নিবন্ধন নবায়ন করিবেন।

৬.৪ বিগত দিনে নার্সারীর কার্যক্রমের উপর ভিত্তি করিয়া প্রথম রেজিস্ট্রেশন সনদে কর্তৃপক্ষ তারিখ (..................) থেকে (.........................) তারিখ পর্যন্ত নবায়ন করা হইল লিখিয়া নবায়ন করিবে অথবা বড় কোন ব্যত্যয়ের ক্ষেত্রে সনদ বাতিল করিয়া দিতে পারিবেন। নবায়ন ও বাতিল এর উভয় তথ্যই কর্তৃপক্ষের নিকট প্রেরণ করিতে হইবে।

৬.৫ উপ-পরিচালক, ডিএই আবেদন গ্রহণের দুই মাসের মধ্যে নিবন্ধন সংক্রান্ত সিদ্ধান্ত গ্রহণপূর্বক আবেদনকারীকে নোটিশ বা পত্র মারফত জানাইয়া দিতে হইবে।

৬.৬ **আপীল (Appeal)** ঃ রেজিস্ট্রেশন বাতিল করা হইলে অথবা ইস্যু করা না হইলে আবেদনকারী কর্তৃপক্ষ বরাবর ৩০ দিনের মধ্যে আপীল করিতে পারিবেন। প্রত্যেকটি আপীল লিখিত হইতে হইবে এবং ইহার সহিত রেজিস্ট্রেশন বাতিল করা অথবা ইস্যু না করার কপি সংযোজন করিতে হইবে।

**৭. বীজ/চারা, কলমের বা প্রপাগিউলের মাননিয়ন্ত্রণ ও করণীয় ঃ**

চারা, কলম বা প্রপাগিউল এর মান নিয়ন্ত্রণ বলিতে নার্সারীতে উৎপাদিত উন্নত জাতের সুস্থ, সবল ও পোকামাকড় ও রোগমুক্ত চারা, কলম বা প্রপাগিউলকে বুঝাইবে। মাঠে রোপণ করিবার উপযোগী বয়সে প্রপাগিউল এর নিম্নলিখিত নির্দেশনা অনুসরণ করিতে হইবে ঃ

৭.১ নার্সারী পরিচালনার জন্য অবশ্যই মানসম্পন্ন বীজের ও অন্যান্য প্রপাগিউলের সরবরাহ এবং মাতৃগাছের সংস্থান থাকিতে হইবে। মাতৃগাছের উৎস সম্পর্কে প্রতিটি নার্সারীতে রেকর্ডভুক্ত থাকিতে হইবে এবং কর্তৃপক্ষ চাহিবামাত্র তা প্রদর্শন করিতে হইবে।

৭.২ বাণিজ্যিক নার্সারীতে ফল, সব্জি বা অন্যান্য উদ্যান ফসল এবং বনজ, ভেষজ ও শোভাবর্ধনকারী উদ্ভিদের বীজ, চারা, কলম, ষ্ট্যাম্প ও অন্যান্য প্রপাগিউল উৎপাদন অবমুক্ত বা স্থানীয় উন্নত জাতের হইতে হইবে।

৭.৩ নার্সারীতে প্রপাগিউল তৈরী করিবার ক্ষেত্রে পরীক্ষিত বা অনুমোদিত প্রপাগেশন পদ্ধতি ও সামগ্রী ব্যবহার করিতে হইবে। (সারণী- ১,২,৩,৪)

৭.৪ মাঠে রোপণ/বপনের উদ্দেশ্যে বনজ, ফলজ, ভেষজ ও শোভাবর্ধনকারী উদ্ভিদের চারা/কলম এর বয়স অনধিক দুই বৎসর হইতে হইবে। তবে বাণিজ্যিক উদ্দেশ্যে ব্যবহার না করে রুফ গার্ডেন বা মেলায় জাতের বৈশিষ্ট্য প্রদর্শনের (display) লক্ষ্যে উদ্ভিদের চারা/কলম এর বয়স দুই বছরের অধিক হইতে পারে।

৭.৫ নার্সারীতে উৎপাদিত চারা/কলম/ প্রপাগিউল সতেজ, সবল, সুস্থ ও অবশ্যই পোকামাকড় ও সংক্রামিত রোগমুক্ত হইতে হইবে (সারণী-২)।

৭.৬ জোড় কলমের ক্ষেত্রে সংযোগস্থল, আদিজোড় ও উপ-জোড়ের বৃদ্ধি সমানভাবে না হইলে বা মাঠে লাগানোর পর এ ধরনের কলমের বৃদ্ধি ও ফলন কম হয় বলিয়া তাহা গ্রহণযোগ্য নয়। এ ধরনের প্রপাগিউল নার্সারীতেই ধ্বংস করিয়া ফেলিতে হইবে। নার্সারীর চারা গ্রেডিং করিয়া ভাল গ্রেডের চারা রোপণ বা বিপণন করিতে হইবে। অনুপযোগী চারা (Cull Seedling) বিক্রি বা রোপণ করা যাইবে না।

৭.৭ ফলের বেলায় অধিক লম্বা হয় এমন জাতের বীজ থেকে উৎপন্ন গাছে বামন জাতের বিটপ/উপজোড় সংযোজন করা যাইবে না ।

৭.৮ চারা, কলম বা প্রপাগিউল তৈরীর পর তা সঠিকভাবে নির্দেশনার জন্য নার্সারীর নাম, রেজিস্ট্রেশন, সংক্ষিপ্ত ঠিকানা, জাতের নাম, বীজ বপনের তারিখ ও বীজ/সায়ন -এর উৎস ও তারিখ সম্বলিত ট্যাগ দ্বারা লেবেল করিতে হইবে। ফলের বেলায় প্রতিটি চারা/কলমে এবং অন্যান্য উদ্যানতাত্ত্বিক ফসলের এবং বনজ ও ভেষজ উদ্ভিদের বেলায় প্রতি প্যাকেটে অনুরূপ ট্যাগ-লেবেল থাকিতে হইবে।

৭.৯ সার্টিফাইড বীজ, কন্দ, টিউবার, ইত্যাদি প্রপাগিউলের ক্ষেত্রে নার্সারীতে অঙ্কুরোদগম ক্ষমতা কমপক্ষে ৮০% হইতে হইবে।

৭.১০ নার্সারীর মাটি বৈজ্ঞানিক পদ্ধতিতে সময়ে সময়ে পরিশোধন করিতে হইবে।

৭.১১ সীড বেড থেকে উত্তোলনের সময় নার্সারীর চারা/কলম একবারের বেশী খাসী (মূল শিকড় কর্তন) করা যাইবে না। একাধিক বার খাসী করা কলমের গাছ বিক্রয় করা যাইবে না।

৭.১২ ফলের চারা উৎপাদনের ক্ষেত্রে সারণী ১, ২ ও ফুলের ক্ষেত্রে সারণী-৩, এবং বনজ ও ভেষজ উদ্ভিদের ক্ষেত্রে সারণী-৪ অনুমোদিত পদ্ধতি বলিয়া তাহা অনুকরণীয়।

**৮. বীজ, চারা, কলম বা প্রপাগিউল বাজারজাতকরণ/বিপণন**

বীজ, চারা, কলম বা প্রপাগিউল বাজারজাতকালে নিম্নবর্ণিত বিষয়গুলি অনুসরণ করিতে হইবে ঃ

৮.১ পোকা-মাকড় ও রোগমুক্ত, সবল, সতেজ প্রপাগিউল বাজারজাত করিতে হইবে। অনুপযোগী (Cull Seedling) চারা বিক্রি করা যাইবে না।

৮.২ সঠিক বয়সের চারা, কলম বা প্রপাগিউল বাজারজাত করিতে হইবে। অপরিপক্ক বীজ, অপরিণত বয়সের চারা, কলম বা প্রপাগিউল বাজারজাত করা যাইবে না। বৃক্ষ ও গুল্ম জাতীয় ফুলের চারার বয়স ২ বছরের মধ্যে বাজারজাত করা যাইবে।

৮.৩ বাজারজাতকালীন সময়ে ট্যাগ-লেবেল থাকিতে হইবে। ফুল, ফল, বনজ ও ভেষজ উদ্ভিদের প্রপাগিউলের ক্ষেত্রে প্রতি চারায়/কলমে এবং অন্যান্য উদ্যান ফসলের বেলায় সুবিধাজনক অংশে ট্যাগ-লেবেল থাকিতে হইবে। ট্যাগ-লেবেলে নার্সারীর নাম, সংক্ষিপ্ত ঠিকানা, প্রপাগিউল সামগ্রীর নাম, জাত, বীজের উৎস ও বীজ লাগানো বা কলম বাঁধার তারিখ লিপিবদ্ধ থাকিতে হইবে।

৮.৪ বাজারজাতকরণের পূর্বে আগ্রহী নার্সারী মালিকগণ নিজ দায়িত্বে বীজ প্রত্যয়ন এজেন্সি (এসসিএ) হইতে চারা, কলম বা প্রপাগিউলের সার্টিফিকেট সংগ্রহ করিতে পারিবেন।

**৯. উদ্যান ফসল এবং বনজ, ভেষজ ও শোভাবর্ধনকারী উদ্ভিদের বীজ, চারা-কলম বা প্রপাগিউল আমদানি নির্দেশিকা ঃ**

৯.১ প্রপাগিউল আমদানির ক্ষেত্রে প্ল্যান্ট কোয়ারেন্টাইন আইন অনুসরণ করিতে হইবে।

৯.২ প্ল্যান্ট কোয়ারেন্টাইন আইনে উল্লেখিত কৃত্রিম বা প্রাকৃতিক মিডিয়ায় উৎপাদিত প্রপাগিউল ছাড়া বিদেশ থেকে কোন প্রপাগিউল আমদানি করা যাইবে না। মাটিতে উৎপাদিত বা শিকড়ে মাটি রয়েছে এমন কোন চারা বা কলম আমদানি সম্পূর্ণভাবে নিষিদ্ধ।

**১০. বীজ, চারা, কলম রপ্তানি ও পরিবহণ নির্দেশিকা ঃ**

১০.১ কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে অবমুক্ত/অনুমোদিত বা স্থানীয় উন্নত জাতের চারা, কলম, বীজ ও অন্যান্য প্রপাগিউল সামগ্রী বিদেশে রপ্তানি করা যাইবে।

১০.২ রপ্তানির উদ্দেশ্যে ফলের, ফুলের, বনজ, ভেষজ এবং শোভাবর্ধনকারী উদ্ভিদের চারা, কলম বা প্রপাগিউল উৎপাদনের জন্য কৃত্রিম মিডিয়া ব্যবহার করিতে হইবে। এইক্ষেত্রে পিটমস, কোকোমস. স্ফেগনামমস প্রপাগিউল উৎপাদনের জন্য উপযুক্ত।

১০.৩ পরিবহণের জন্য মাটি, চট বা অন্য কোন উপযোগী পটে জীবন্ত চারা, কলম বা প্রপাগিউল উৎপাদন করিতে হইবে। বীজ তলায় উৎপাদিত ফলের প্রপাগিউল পরিবহণের জন্য ২ সপ্তাহ পূর্বে পটে স্থানান্তর করিতে হইবে।

**১১. অবমুক্ত/ অনুমোদিত বা স্থানীয় উন্নত জাতের ফলজ, বনজ ও ভেষজ উদ্ভিদের সরবরাহ প্রবাহ (Propagule Supply Chain of Released or Recommended Varieties of Fruits, Forests and Medicinal plants) ঃ**

১১.১ অবমুক্ত/ অনুমোদিত বা স্থানীয় উন্নত জাতের ফলের, বনজ এবং ভেষজ উদ্ভিদের প্রপাগিউলের সরবরাহ প্রবাহ অত্র নীতিমালার মাধ্যমে সুনির্দিষ্ট করিয়া দেওয়া হইল। নার্সারি নীতিমালায় বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট এর উদ্যানতত্ত্ব গবেষণা কেন্দ্র, কৃষি বিশ্ববিদ্যালয়সমূহ, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (ডিএই) ও বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) এর হর্টিকালচার নার্সারি, বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউট এবং বন অধিদপ্তর এর নার্সারির চারা উৎপাদন ও বিতরণ পদ্ধতির নীতিমালার মূল উপাদানসমূহ নিম্নে প্রদত্ত হইল।

১১.২ সংশ্লিষ্ট কৃষি গবেষণা প্রতিষ্ঠান, বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউট এবং কৃষি বিশ্ববিদ্যালয়সমূহ প্রজাতি ভেদে নির্দিষ্ট স্থানে বিভিন্ন প্রজাতির ফল জাতীয় উদ্ভিদের জন্য জার্মপ্লাজম সেন্টার/ বা ইলাইট রিপোজেটরি এবং বনজ ও ভেষজ উদ্ভিদের বীজ বাগান/Seed Production Area (SPA) ইত্যাদি স্থাপন করিবে।

১১.৩ জার্মপ্লাজম সেন্টার, বীজ বাগান (SPA) সমূহ একাধারে গবেষণা প্লট ও সংরক্ষণ প্লট হিসাবে ব্যবহৃত হইবে। জার্মপ্লাজম সেন্টারে এবং বীজ বাগানে (SPA) যে সব উদ্ভিদ ভাল ফলাফল প্রদান করিবে সেই সব উদ্ভিদ হইতে নির্বাচনের মাধ্যমে প্রতিটি জাতের উৎকৃষ্ট উদ্ভিদ নির্বাচন করিয়া উহা হইতে এলিট রিপোজিটরী স্থাপন/তৈরি করিতে হইবে। এই পদ্ধতি অবমুক্ত/অনুমোদিত ও স্থানীয় উন্নত জাতের সকল ফলের ক্ষেত্রে প্রযোজ্য হইবে। এলিট রিপোজিটরীতে ফলজ গাছের জন্য কমপক্ষে ২টি গাছ এবং বনজ উদ্ভিদের জন্য ১০টি গাছ থাকিতে হইবে। এই পদ্ধতি অবমুক্ত/ অনুমোদিত ও স্থানীয় উন্নত জাতের সকল উদ্ভিদের ক্ষেত্রে প্রযোজ্য হইবে। এর মধ্যে থেকে একটি গাছ এলিট মাল্টিপ্লিকেশন ব্লক তৈরির জন্য সায়ন সংগ্রহ ও কলম তৈরির জন্য ব্যবহার করা যাইবে। বাকি গাছগুলি এমনভাবে সংরক্ষণ করিতে হইবে যেন কোন অবস্থাতেই জাতগুলি হারিয়ে না যায়। বনজ উদ্ভিদের ক্ষেত্রে সব গাছ থেকে বীজ, কাটিং ও সায়ন করা যাইবে।

১১.৪ গবেষণা প্রতিষ্ঠান ও কৃষি বিশ্ববিদ্যালয়সমূহ এলিট মাল্টিপ্লিকেশন ব্লক তৈরি করিবে। এলিট মাল্টিপ্লিকেশন ব্লকে প্রতিটি ফলজ জাতের কমপক্ষে ৪ টি গাছ বনজ এবং ভেষজ উদ্ভিদের জাতের জন্য ১০টি গাছ থাকিবে। এসব গাছ হইতে বীজ, সায়ন সংগ্রহ করিয়া চারা, কলম

তৈরিপূর্বক ভিত্তি ব্লক তৈরি করিতে হইবে। কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এবং বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন এবং বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউট কেবলমাত্র এলিট মাল্টিপ্লিকেশন ব্লক হইতে সায়ন/বীজ/চারা/কলম সংগ্রহ করিয়া তাহা দিয়া মাতৃগাছের বাগান তৈরি করিবে। এলিট মাল্টিপ্লিকেশন ব্লক কেবলমাত্র গবেষণা প্রতিষ্ঠান ও কৃষি বিশ্ববিদ্যালয় বা অবমুক্তকারী সংস্থার কাছে থাকিবে। ডিএই, বিএডিসি, বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউট ও বন অধিদপ্তর কেবলমাত্র এলিট ব্লক থেকেই মাতৃগাছের জন্য চারা, কলম সংগ্রহ করিবে (চিত্র-১ ও চিত্র-২)।

১১.৫ ডিএই, বিএডিসি, বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউট এবং গবেষণা প্রতিষ্ঠানসমূহ সীমিত আকারে চাষীদের মধ্যে চারা, কলম সরবরাহ করিতে পারিবে। মাতৃগাছের বাগান থেকে সায়ন সংগ্রহপূর্বক কলম তৈরি করিয়া ও উৎপাদিত কলম জেলা ও উপজেলা পর্যায়ে ব্যক্তিমালিকানাধীন নিবন্ধীকৃত নার্সারীতে সরবরাহ করিবে (চিত্র-১ ও চিত্র-২)। ।

১১.৬ ডিএই ও বিএডিসি সীমিত আকারে চাষীদের মাঝেও চারা কলম সরবরাহ করিতে পারিবে।


১১.৭ বনজ বীজ, চারা ও কলমের ক্ষেত্রে বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউট (বিএফআরআই) কর্তৃক স্থাপিত সিড অরচার্ডের বীজ এবং তাহাদের নির্বাচিত মাতৃগাছ থেকে বীজ ও সায়ন সংগ্রহ করিতে হইবে।

১১.৮ বন বিভাগের বিভিন্ন এলাকা, সড়কের পাশের এবং প্রতিষ্ঠানের আঙ্গিনায় অবস্থিত প্লাসট্রি থেকে বীজ ও সায়ন সংগ্রহ করিতে হইবে।


**১১.৯ ব্যতিক্রম ঃ**

কোন প্রতিষ্ঠান বা ব্যক্তি যদি বিশেষ কোন উন্নত মানের প্রজাতি আমদানি/Selection/ সঙ্করায়নে বা অন্য কোন বিজ্ঞান ভিত্তিক উপায়ে উদ্ভাবন করিতে সক্ষম হয় তাহা হইলে সেই ব্যক্তি বা প্রতিষ্ঠান আমদানিকৃত বা উদ্ভাবিত জাতের বর্ধন করিতে পারিবে। তবে এই রকম ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃপক্ষের অনুমোদনের পর তাহা বিতরণের অধিকার অর্জন করিবে ও মেধা স্বত্ব অধিকার আইনের আশ্রয়ে নিজের স্বত্ব রক্ষা করিতে পারিবে। এই ক্ষেত্রে সেরা আধার (Elite Repository) থেকে আরম্ভ করিয়া সাপ্লাই চেইনের অনুসরণের কিছুটা ব্যত্যয় ঘটিতে পারিবে।

**চিত্র-১ ঃ অবমুক্ত জাতের ফলের প্রপাগিউল সাপ্লাই চেইন।**



<u>চিত্র-২ ঃ অনুমোদিত বনজ ও ভেষজ উদ্ভিদের প্রপাগিউল সাপ্লাই চেইন।</u>



**সারণী-১ ঃ বাংলাদেশের প্রধান ফলসমূহের আদর্শ বংশ বিস্তারের কৌশল**

| ক্রঃ নং | ফলের প্রজাতি | বৈজ্ঞানিক নাম | বংশবিস্তার কৌশল |
|---|---|---|---|
| ১। | আম | *Mangifera indica* | ক্লেফট জোড় কলম, ভিনিয়ার কলম |
| ২। | পেয়ারা | *Psidium guajava* | গুটি কলম, ঢিবি দাবাকলম |
| ৩। | কলা | *Musa spp.* | সোর্ড সাকার ও মাইক্রোপ্রোপাগেশন |
| ৪। | কাঁঠাল | *Artocarpus heterophyllus* | ইপিকোটাইল গ্রাফটিং,বীজ |
| ৫। | পেঁপে | *Carica papaya* | বীজ |
| ৬। | লিচু | *Litchi chinensis* | গুটি কলম |
| ৭। | লেবু | *Citrus aurantifolia, C. limon* | টি বাডিং, গুটি কলম, ক্লেফ্‌ট জোড় কলম |
| ৮। | জাম্বুরা | *Citrus grandis* | গুটি কলম, ক্লেফ্‌ট জোড় কলম |
| ৯। | কুল/বরই | *Zizyphus mauritiana* | চোখ কলম, ক্লেফ্‌ট জোড় কলম, তালি চোখ কলম |
| ১০। | জলপাই | *Olea europea* | ক্লেফট জোড় কলম, বীজ |
| ১১। | আতা, শরীফা | *Annona reticulata, A. squamosa* | চাবুক জোড় কলম, ক্লেফ্‌ট জোড় কলম, বীজ |
| ১২। | কাজু বাদাম | *Anacardium occidentale* | পার্শ্বকলম, বীজ, জোড় কলম, ভিনিয়ার কলম |
| ১৩। | নারিকেল | *Cocos nucifera* | বীজ |
| ১৪। | ডালিম | *Punica granatum* | গুটি, ক্লেফট জোড় কলম |
| ১৫। | বেল | *Aegle marmelos* | শিকড় কাটিং, ক্লেফট জোড় কলম |
| ১৬। | সফেদা | *Achras zapota* | ক্লেফট জোড় কলম (ক্ষিরণী আদিজোড়) |
| ১৭। | আমলকি | *Emblica officinalis* | বীজ, ক্লেফট জোড় কলম |
| ১৮। | কমলা লেবু | *Citrus reticulata* | টি বাডিং |

| ক্রঃ নং | ফলের প্রজাতি | বৈজ্ঞানিক নাম | বংশবিস্তার কৌশল |
|---|---|---|---|
| ১৯। | সাতকরা | *Citrus macroptera* | বীজ, ভিনিয়ার গ্রাফটিং, গুটি |
| ২০। | মাল্টা | *Citrus sinensis* | টি বাডিং |
| ২১। | আমড়া | *Spondius dulcis* | বীজ, ক্লেফট জোড় কলম |
| ২২। | জাম | *Syzygium cuminii* | বীজ, ক্লেফট জোড় কলম |
| ২৩। | কদবেল | *Feronia limonia* | বীজ, ক্লেফট জোড় কলম |
| ২৪। | আঁশফল | *Nephelium longana* | গুটি কলম, ক্লেফট জোড় কলম |
| ২৫। | কামরাঙ্গা | *Averrhoa carambola* | বীজ, ক্লেফট জোড় কলম |
| ২৬। | বিলিম্বি | *Averrhoa bilimbi* | বীজ, ক্লেফট জোড় কলম |
| ২৭। | গাব | *Diospyros peregrina* | বীজ |
| ২৮। | তৈকর | *Garcinia pedunculata* | বীজ, গুটি কলম |
| ২৯। | প্যাশন ফল | *Passiflora edulis* | কাটিং, বীজ |
| ৩০। | আনারস | *Aanas comosus* | সাকার |
| ৩১। | লটকন | *Baccaurea sapida* | ক্লেফট জোড় কলম,বীজ |
| ৩২। | চালতা | *Dillenia indica* | বীজ |
| ৩৩। | করমচা | *Carissa carandas* | বীজ |
| ৩৪। | অরবরই | *Phyllanthus distichus* | বীজ, ক্লেফট জোড় কলম |
| ৩৫। | গোলাপজাম | *Syzygium jambos* | গুটি কলম, বীজ |
| ৩৬। | জামরুল | *Eugenia javanica* | গুটি |
| ৩৭। | খেজুর | *Phoenix sylvestris* | বীজ, সাকার |
| ৩৮। | তাল | *Borussus flabellifer* | বীজ |

**সারণী-২: ফলের বংশ বিস্তার পদ্ধতি ও কলমের গুণগত বৈশিষ্ট্য**

| ফলের নাম | বংশবিস্তার পদ্ধতি | আদিজোড়ের বৈশিষ্ট্য | | উপজোড়/ডালের বৈশিষ্ট্য | | কলম/চারার বৈশিষ্ট্য | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | বয়স ও উচ্চতা | কলম করার উচ্চতা (সে: মি:) | বয়স | ব্যাস (সে:মি:) | বয়স | উচ্চতা (সে:মি:) | বাহ্যিক কাঠামো | কীটপতঙ্গ ও রোগ হইতে মুক্ত |
| আম | ভিনিয়ার ও ক্লেফট কলম | ১ বছর ৬০-১০০ সে:মি: | ২০-৩০ | ৩-৪ মাস | ১.০-১.৫ | ১ বছর | ৬০-১০০ | সোজা, খাড়া, সুস্থ, সবল | ম্যালফরমেশন, এনথ্রাকনোজ, পাতা কাটা উইভিল |
| পেয়ারা | গুটি কলম | - | - | ১০-১২ মাস | ০.৭৫-১.৭৫ | ১ বছর | ৬০-১০০ | সোজা,৩-৪ টি ডাল বিশিষ্ট, সুস্থ, সবল | এনথ্রাকনোজ, সাদা মাছি |
| কলা | তেউর, টিস্যুকালচার | - | - | - | - | ৪-৫ মাস | ১.০-২.০ কেজি রাইজোম। * | অসি আকৃতির তেউর | বাঞ্চিটপ |
| কাঁঠাল | ইপিকোটাইল গ্রাফটিং , বীজ | ১০-২০ দিন ১৫-২০ সে: মি: | ৫-৮ | ১.৫-২.০ মাস | ০.৫ | ১-২ বছর | ১০০-১৫০ | সোজা, খাড়া, সুস্থ,সবল | - |
| লিচু | গুটি কলম | - | - | ১০-১২ মাস | ১.০-১.৫ | ১ বছর | ৬০-১০০ | সোজা, সুস্থ, সবল ৩-৪ টি ডাল বিশিষ্ট | লিচিমাইট |
| লেবু | গুটি কলম, কাটিং | - | - | ৬-১২ মাস | ১.০-১.৫ | ১ বছর | ৬০-১০০ | সুস্থ, সবল | গামোসিস, ক্যাংকার |
| বাতাবীলেবু | গুটি কলম | - | - | ১০-১২ মাস | ১.০-১.৫ | ১ বছর | ৬০-১০০ | সুস্থ, সবল | গামোসিস, ক্যাংকার |
| কুল/বরই | প্যাচ বাডিং, ক্লেফট কলম | ১ বছর ৮০-১২০ সে:মি: | ১৫-২০ | ৩-৬ মাস (ক্লেফট কলম) ১-১.৫ মাস (বাডিং) | ০.৩-০.৫ | ১ বছর | ৩০-৫০ | সুস্থ, সবল | পাউডারি মিল্ডিও, লিফ চ্যাফার, লাক্ষা |

| ফলের নাম | বংশবিস্তার পদ্ধতি | আদিজোড়ের বৈশিষ্ট্য | | উপজোড়/ডালের বৈশিষ্ট্য | | কলম/চারার বৈশিষ্ট্য | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | বয়স ও উচ্চতা | কলম করার উচ্চতা (সে: মি:) | বয়স | ব্যাস (সে:মি:) | বয়স | উচ্চতা (সে:মি:) | বাহ্যিক কাঠামো | কীটপতঙ্গ ও রোগ হইতে মুক্ত |
| সফেদা | ক্ষিরণীর উপর ক্লেফট কলম | ১ বছর ৩০-৪০ সে:মি: | ১০-১৫ | ২০-৩০ দিন | ০.৫ | ১ বছর | ৩০-৫০ | সোজা, খাড়া, সুস্থ, সবল | মিলিবাগ |
| বেল | ক্লেফট কলম | ১ বছর ৫০-৮০ সে:মি: | ১৫-২০ | ৪-৬ মাস | ০.৫-০.৭৫ | ১ বছর | ৬০-১০০ | সোজা, খাড়া, সুস্থ, সবল | - |
| আঙ্গুর | কাটিং | - | - | ৮-১০ মাস | ০.৭৫-১.০ | ১ বছর | ২০-৩০ | সুস্থ, সবল | ভাইরাস |
| জলপাই | ক্লেফট কলম | ১ বছর ৪০-৬০ সে: মি: | ১৫-২০ | ৪-৬ মাস | ০.৫-০.৭৫ | ১ বছর | ৫০-৮০ | সোজা, খাড়া, সুস্থ, সবল | গ্রে মোল্ড |
| আমলকি | ক্লেফট কলম | ১ বছর ১০০-১২০ সে:মি: | ১৫-২০ | ৬-৮ মাস | ০.৫-০.৭৫ | ১ বছর | ১০০-১২০ | সোজা, খাড়া, সুস্থ, সবল | - |
| ডালিম | গুটিকলম | - | - | ১ বছর | ০.৭৫-১.০ | ১ বছর | ৫০-৭৫ | সুস্থ, সবল | পাউডারী-মিল্ডিও |
| আতা ও শরীফা | ক্লেফট কলম | ১বছর ৬০-৭৫ সে:মি: | ১৫-২০ | ৮-৯ মাস | ০.৭৫-১.০ | ১ বছর | ৫০-৭৫ | সোজা, খাড়া, সুস্থ, সবল | |
| তেঁতুল | বীজ, ক্লেফট কলম | ১ বছর ৩০-৫০ সে: মি: | ১০-১৫ | ১০-১২ মাস | ০.৫-০.৭৫ | ১ বছর | ৫০-৭৫ | সোজা, খাড়া, সুস্থ, সবল | - |
| কমলালেবু ও মাল্টা | চোখ কলম, ক্লেফট কলম | ১ বছর ৪০-৬০ সে: মি: | ১৫-২০ | ৬-৮ মাস | ০.৫-০.৭৫ | ১ বছর | ৪০-৬০ | সোজা, খাড়া, সুস্থ, সবল | গামোসিস, ভাইরাস |
| জামরুল | গুটি কলম | - | - | ১ বছর | ১.০-১.৫ | ১ বছর | ৬০-১০০ | সুস্থ, সবল, ৩-৪ টি ডাল বিশিষ্ট | |

| ফলের নাম | বংশবিস্তার পদ্ধতি | আদিজোড়ের বৈশিষ্ট্য | | উপজোড়/ডালের বৈশিষ্ট্য | | কলম/চারার বৈশিষ্ট্য | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | বয়স ও উচ্চতা | কলম করার উচ্চতা (সে: মি:) | বয়স | ব্যাস (সে:মি:) | বয়স | উচ্চতা (সে:মি:) | বাহ্যিক কাঠামো | কীটপতঙ্গ ও রোগ হইতে মুক্ত |
| নারিকেল | বীজ | - | - | - | - | ১ বছর | ৬০-৮০ | সুস্থ, সবল | উইপোকা |
| পেঁপে | বীজ | - | - | - | - | ৩০-৪০দিন | ১৫-২৫ | সোজা, খাড়া, সুস্থ, সবল | কলার রট |
| প্যাশন ফল | কাটিং | - | - | ১০-১২ মাস | ০.৫-০.৭ | ৩-৬ মাস | ৩০-১০০ | - | - |
| সাতকরা | গুটি, চোখ ও ক্লেফট কলম | ১ বছর ৫০-৭৫ সে:মি: | ১৫-২০ | ৬-৮ মাস | ০.৭৫-১.০ | ১ বছর | ৫০-৭৫ | সোজা, খাড়া, সুস্থ, সবল | গামোসিস |
| আমড়া | বীজ | - | - | - | - | ১ বছর | ৬০-১০০ | সোজা, খাড়া, সুস্থ, সবল | - |
| জাম | বীজ, ক্লেফট কলম | ১বছর ৫০-৮০ সে: মি: | ২০-২৫ | ৬-৮মাস | ০.৭৫-১.০ | ১ বছর | ৬০-১০০ | সোজা, খাড়া, সুস্থ, সবল | - |
| কদবেল | ক্লেফট কলম | ১ বছর ৪০-৬০ সে: মি: | ১৫-২০ | ৮-১০মাস | ০.৫-০.৭৫ | ১ বছর | ৩০-৪০ | সোজা, খাড়া, সুস্থ, সবল | - |
| আঁশফল | গুটিকলম, ক্লেফট কলম | ১ বছর ৩০-৫০ সে: মি: | ১৫-২০ | ৬-৮মাস | ০.৫-০.৭৫ | ১ বছর | ৩০-৫০ | সোজা, খাড়া, সুস্থ, সবল | - |

| **ফলের নাম** | **বংশবিস্তার পদ্ধতি** | **আদিজোড়ের বৈশিষ্ট্য** | | **উপজোড়/ডালের বৈশিষ্ট্য** | | **কলম/চারার বৈশিষ্ট্য** | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | বয়স ও উচ্চতা | কলম করার উচ্চতা (সে: মি:) | বয়স | ব্যাস (সে:মি:) | বয়স | উচ্চতা (সে:মি:) | বাহ্যিক কাঠামো | কীটপতঙ্গ ও রোগ হইতে মুক্ত |
| নাশপাতি | গুটি কলম | - | - | ১ বছর | ০.৫-০.৭৫ | ১ বছর | ৪০-৬০ | সুস্থ, সবল, ৩-৪ টি ডাল বিশিষ্ট | - |
| কামরাঙ্গা | ক্লেফট কলম | ১ বছর ৮০-১০০ সে: মি: | ১৫-২০ | ৮-১০ মাস | ০.৫-০.৭৫ | ১ বছর | ৬০-১০০ | সোজা, খাড়া, সুস্থ, সবল | - |
| তৈকর | বীজ | - | - | - | - | ১ বছর | ৬০-১০০ | সোজা, খাড়া, সুস্থ, সবল | - |
| আনারস | তেউর | - | - | ৪-৬ মাস | - | ১ বছর | - | স্লিপ, ক্রাউন সাকার | - |
| লটকন | ক্লেফট, ভিনিয়ার কলম | ১ বছর ৩০-৪০ সে:মি: | ১০-১৫ | ৩-৪ মাস | ০.৪-০.৫ | ১ বছর | ৩০-৪০ | সোজা, খাড়া, সুস্থ, সবল | - |
| করমচা | গুটি কলম | - | - | ১ বছর | ০.৭-১.০ | ১বছর | ৩০-৪০ | সুস্থ, সবল | - |
| গোলাপজাম | গুটিকলম | - | - | ১ বছর | ১.০-১.২৫ | ১ বছর | ৬০-১০০ | সুস্থ, সবল | - |
| খেজুর | বীজ, সাকার | - | - | - | - | সাকার- ৫-৬ বছর ১ বছর | ১০০ সে.মি ২৫-৫০ সে.মি | ৫-২০ কেজি সুস্থ, সবল | - |
| তাল | বীজ | - | - | - | - | ১ বছর | ৫০-১০০ সে.মি | সুস্থ, সবল | - |

* টিস্যুকালচারের মাধ্যমে উৎপাদিত কলার চারা ২০ সে: মি: উচ্চতা সম্পন্ন হইতে হইবে। উক্ত চারা রোপণের পূর্বে ৩ বার হার্ডেনিং করিতে হইবে।

**সারণী ৩ ঃ বাংলাদেশের প্রধান ফুলসমূহের বংশ বিস্তার কৌশল ও রোপণ দ্রব্যের গুণগতমান**

| ফুলের নাম | বংশ বিস্তার পদ্ধতি | রোপন দ্রব্যের বৈশিষ্ট্য | | | |
|---|---|---|---|---|---|
| | | বয়স | উচচতা (সে:মি:)/ ওজন (গ্রাম) | বাহ্যিক কাঠামো | মন্তব্য |
| গোলাপ | জংলী গোলাপের সাথে টি বাডিং | ২-৩ মাস | ২০-৩০ | সুষ্ঠু জোড়া | মাইটের আক্রমণ মুক্ত |
| রজনীগন্ধা | বালব | ৬-৭ মাস | - | পুষ্ট | ফমপসিস ব্লাইট মুক্ত |
| গ্ল্যাডিওলাস | কন্দ | > ২ বছর | >১৫ গ্রাম | খোসাযুক্ত, কুড়ি সম্বলিত | কন্দ পচা রোগমুক্ত |
| চন্দ্রমল্লিকা | ডগা কাটিং | ২-৩ মাস | ১০-২০ | পর্যাপ্ত শিকড়যুক্ত, সোজা | জাবপোকার আক্রমণমুক্ত |
| ডালিয়া | ডগা কাটিং | ১-১.৫ মাস | ১০-২০ | পর্যাপ্ত শিকড়যুক্ত, সোজা | জাব পোকা ও মাইটের আক্রমণমুক্ত |
| গাদা | শাখাকাটিং, বীজ | ১৫-২০ দিন | ১০-১৫ | সোজা, খাড়া, সতেজ | মাইটের আক্রমণমুক্ত |
| জিনিয়া | বীজ | ১৫-২০ দিন | ১০-১৫ | সোজা, খাড়া, সতেজ | মাইটের আক্রমণমুক্ত |
| এস্টার | বীজ | ১৫-২০দিন | ৫-৮ | সতেজ | রেড পাম্পকিন বিটল আক্রমণমুক্ত |
| জেসমিন | শাখাকাটিং | ১-২ মাস | ২০-৩০ | সতেজ | - |
| বাগান বিলাস | শাখা কাটিং | ১-২ মাস | ২০-৩০ | সতেজ, পর্যাপ্ত শিকড়যুক্ত | - |
| অর্কিড | টিস্যু কালচার | ৫-৬ মাস | ৪-৬ | সতেজ | - |
| পাম | বীজ/সাকার | ১ বছর | ২০-৩০ | সোজা, খাড়া | - |
| কনিফার | দাবা কলম | ১বছর | ১০-১৫ | সোজা, খাড়া | ব্যাগওয়ার্ম এর আক্রমণমুক্ত |
| কার্নেশন | বীজ | ১৫-২০ দিন | ৫-৮ | সতেজ | - |
| এন্থোরিয়াম | সাকার | ৪-৫ মাস | ৮-১০ | সতেজ | - |
| জারবেরা | বীজ/সাকার | ২০-৩০ দিন | ৫-৮ | সতেজ | মাইটের আক্রমণমুক্ত |

**সারণী-৪ ঃ বাংলাদেশের প্রধান প্রধান বনজ ও ভেষজ উদ্ভিদের বংশবিস্তার কৌশল ও রোপণ দ্রব্যের (Propagules) গুণগত মান**

**(ক) বনজ উদ্ভিদ ঃ**

| ক্রমিক নং | প্রজাতির নাম | বৈজ্ঞানিক নাম | বংশ বিস্তার কৌশল | চারার কাটিং এর বৈশিষ্ট্য | | |
|---|---|---|---|---|---|---|
| | | | | বয়স (মাস) | উচ্চতা (সে: মি:) | কলার ব্যাস (মি: মি:) |
| ১. | আকাশমণি | *Acacia auriculiformis* | বীজ/কাটিং | ৪-৫ | ৮৫-১০৫ | ৮-৯ |
| ২. | ম্যানজিয়াম | *Acacia mangium* | বীজ | ৪-৫ | ৭৫-৮০ | ৭-৯ |
| ৩. | রেইনট্রি | *Samanea saman* | বীজ | ৩-৪ | ৭৫-১১০ | ৮-১০ |
| ৪. | সোনালু | *Cassia fistula* | বীজ | ১২-২৪ | ৩০-৪০ | ৪-৬ |
| ৫. | জারুল | *Lagerstroemia speciosa* | বীজ/স্টাম্প | ৫-৬ | ৪০-৬০ | ৬-৮ |
| ৬. | চিকরাশি | *Chukrassia tabularis* | বীজ | ৩-৪ | ৪৫-৬০ | ৪-৬ |
| ৭. | শিশু | *Dalbergia sissoo* | বীজ/স্টাম্প | ৪-৫ | ৪০-৫০ | ৮-১০ |
| ৮. | শিরিশ | *Albizia lebbeck* | বীজ | ৪-৫ | ৫০-৭০ | ৬-৮ |
| ৯. | শীলকড়ই | *Albizia procera* | বীজ | ৪-৫ | ৫০-৭০ | ৬-৮ |
| ১০. | কদম | *Anthocephalus chinensis* | বীজ | ৩-৪ | ৪০-৬০ | ১০-১২ |
| ১১. | পিতরাজ | *Aphanamixis polystachya* | বীজ | ৮-১২ | ৪০-৫০ | ৬-৮ |
| ১২. | নিম | *Azadirachta Indica* | বীজ/স্টাম্প | ১০-১২ | ৪০-৫০ | ৮-১২ |
| ১৩. | শিমুল | *Bombax ceiba* | বীজ/স্টাম্প | ৩-৪ | ৪০-৫০ | ৭-১০ |
| ১৪. | ঝাউ | *Casuarina equisetifolia* | বীজ | ১০-১২ | ৯০-১১০ | ৮-১২ |
| ১৫. | গর্জন | *Dipterocarpus sp.* | বীজ | ১০-১২ | ৩৫-৪৫ | ৮-১০ |
| ১৬. | ইউক্যালিপটাস | *Eucalyptus sp.* | বীজ | ৩-৪ | ৪৫-৬০ | ৪-৬ |
| ১৭. | গামার | *Gmelina arborea* | বীজ/স্টাম্প | ৩-৪ | ৬০-৭০ | ৬-৮ |

| ক্রমিক নং | প্রজাতির নাম | বৈজ্ঞানিক নাম | বংশ বিস্তার কৌশল | চারার কাটিং এর বৈশিষ্ট্য | | |
|---|---|---|---|---|---|---|
| | | | | বয়স (মাস) | উচ্চতা (সে: মি:) | কলার ব্যাস (মি: মি:) |
| ১৮. | তেলসুর | *Hopea odorata* | বীজ | ১০-১২ | ৩০-৪০ | ৬-৮ |
| ১৯. | চম্পা | *Michelia champaca* | বীজ | ১০-১২ | ৪০-৫০ | ৮-১০ |
| ২০. | শাল | *Shorea robusta* | বীজ | ১০-১২ | ২৫-৩৫ | ৫-৮ |
| ২১. | মেহগনি | *Swietenia macrophylla* | বীজ | ৬-১২ | ৪৫-৭০ | ৬-১০ |
| ২২. | ঢাকিজাম | *Syzygium grande* | বীজ | ১০-১২ | ৭০-৯০ | ১০-১২ |
| ২৩. | সেগুন | *Tectona grandis* | বীজ/স্টাম্প | ১০-১২ | ৪০-৫০ | ৮-১৫ |
| ২৪. | তুন | *Toona ciliata* | বীজ | ১০-১২ | ৮০-১০০ | ১০-১৫ |
| ২৫. | পিটালী | *Trewia nudiflora* | বীজ | ৪-৬ | ৪০-৫০ | ৮-১২ |
| ২৬. | লোহাকাঠ | *Xylia kerrii* | বীজ | ৪-৬ | ২০-৩০ | ৫-৮ |
| ২৭. | বেত | *Calamus sp.* | বীজ | ৮-১২ | ৬-১২ | - |
| ২৮. | সিভিট | *Swintonia floribunda* | বীজ | ১০-১২ | ৪০-৬০ | ৫-৮ |
| ২৯. | বকাইন | *Melia azedarach* | বীজ | ৪-৫ | ৪৫-৬০ | ৮-১২ |
| ৩০. | মিনজিরি | *Cassia siamea* | বীজ | ৪-৬ | ৪০-৬০ | ৫-৮ |
| ৩১. | ছাতিয়ান | *Alstonia scholaris* | বীজ | ৪-৬ | ৪০-৫০ | ৮-১২ |
| ৩২. | গ্লিরিসিডিয়া | *Glericidia sepium* | বীজ | ৩-৪ | ৪০-৬০ | ৬-১০ |
| ৩৩. | চাপালিশ | *Artocarpus chaplasha* | বীজ | ৮-১২ | ৭০-৮০ | ৮-১০ |
| ৩৪. | বৈলাম | *Anisoptera glabra* | বীজ | ১০-১২ | ৪৫-৬০ | ৬-৭ |
| ৩৫. | রক্তন | *Lophopetalum fimbriatum* | বীজ | ১০-১২ | ৪৫-৬০ | ৬-৭ |
| ৩৬. | পলাশ | *Butea monosperma* | বীজ | ৪-৫ | ৩০-৫০ | ৫-৮ |
| ৩৭. | কৃষ্ণচূড়া | *Delonix regia* | বীজ | ৩-৪ | ৩৫-৪০ | ৮-১০ |

| ক্রমিক নং | প্রজাতির নাম | বৈজ্ঞানিক নাম | বংশ বিস্তার কৌশল | চারার কাটিং এর বৈশিষ্ট্য | | |
|---|---|---|---|---|---|---|
| | | | | বয়স (মাস) | উচ্চতা (সে: মি:) | কলার ব্যাস (মি: মি:) |
| ৩৮. | আগর | *Aquilaria agallocha* | বীজ | ১০-১২ | ৬০-৭০ | ৮-১০ |
| ৩৯. | রাজকড়ই | *Albizia richardiana* | বীজ | ৩-৫ | ৩৫-৫০ | ৫-৮ |
| ৪০. | কাঞ্চন | *Bauhinia Sp.* | বীজ | ৩-৪ | ৩০-৪০ | ৮-১২ |
| ৪১. | ইপিল ইপিল | *Leucaena leucocephala* | বীজ | ৩-৪ | ১০০-১২০ | ৮-১২ |
| ৪২. | চাকুয়া কড়ই | *Albizia chinensis* | বীজ | ৩-৪ | ৬০-৮০ | ৮-১২ |
| ৪৩. | দেবদারু | *Polyalthia longifolia* | বীজ | ১০-১২ | ২৮-৩০ | ৬-৮ |
| ৪৪. | বকুল | *Mimusops elengi* | বীজ | ১০-১২ | ৪০-৬০ | ৮-১২ |
| ৪৫. | নাগেশ্বর | *Mesua ferrea* | বীজ | ১০-১২ | ৩০-৪০ | ৮-১০ |
| ৪৬. | মহুয়া | *Maduca indica* | বীজ | ১০-১২ | ৩০-৪০ | ৬-৮ |
| ৪৭. | উড়িয়াম | *Mangifera sylvatica* | বীজ | ৩-৫ | ৫০-৬০ | ৬-১০ |
| ৪৮. | জাম | *Syzygium sp.* | বীজ | ১০-১২ | ৭৫-৯০ | ৮-১২ |
| ৪৯. | কুম্ভি | *Careya arborea* | বীজ | ১০-১২ | ৪৫-৬০ | ৮-১২ |
| ৫০. | কন্যারী | *Gardenia coronaria* | বীজ | ১০-১২ | ৪৫-৬০ | ১০-১২ |
| ৫১. | খৈয়া বাবলা | *Pithecellobium dulce* | বীজ | ১০-১২ | ৯০-১২০ | ৬-১০ |
| ৫২. | বারিয়ালা বাঁশ | *Bambusa vulgaris* | কঞ্চি কলম/কন্দ | ১০-১২ | ১-২ করুল | - |
| ৫৩. | মুলী ও মিতিংগা বাঁশ | *Mellocanna baceifera and B. tulda* | বীজ | ১০-১২ | - | - |
| ৫৪. | বাঁশ (অন্যান্য) | *Bambusa sp.* | কন্দ | ১২-১৮ | - | - |

**খ. ভেষজ উদ্ভিদ ঃ**

| ক্রমিক নং | প্রজাতির নাম | বৈজ্ঞানিক নাম | বংশ বিস্তার কৌশল | চারার কাটিং এর বৈশিষ্ট্য | | |
|---|---|---|---|---|---|---|
| | | | | বয়স (মাস) | উচ্চতা (সেঃ মিঃ) | কলার ব্যাস (মিঃ মিঃ) |
| ৫৫. | আকন্দ | *Calotropis gigantea* | কাটিং | ২-৩ | ১৮-২৫ | - |
| ৫৬. | আমলকি | *Embelica officinalis* | বীজ | ৪-৬ | ৮০-১১০ | ৬-১০ |
| ৫৭. | অর্জুন | *Terminalia arjuna* | বীজ | ৪-৫ | ৫০-৮০ | ৬-১০ |
| ৫৮. | অশ্বগন্ধা | *Withania somnifera* | বীজ | ৪-৬ | ৩৫-৪০ | - |
| ৫৯. | অশোক | *Saraca indica* | বীজ | ৫-৬ | ৫০-৬০ | ৮-১২ |
| ৬০. | খয়ের | *Acacia catechu* | বীজ | ৬-১২ | ৭৭-৮৫ | ৬-৮ |
| ৬১. | বহেরা | *Terminalia belerica* | বীজ | ৪-৬ | ৬৫-৭৫ | ৬-১০ |
| ৬২. | হরিতকি | *Terminalia chebula* | বীজ | ৬-৮ | ৭০-৮০ | ৫-৮ |
| ৬৩. | বচ্ | *Acorus calamus* | কন্দ | ৩-৪ | ৩৫-৪০ | |
| ৬৪. | তুলসী | *Ocimum sanctum* | বীজ | ৩-৪ | ২০-৩০ | |
| ৬৫. | বাসক | *Adhatoda vasica* | কাটিং | ৩-৫ | ২৮-৪০ | |
| ৬৬. | বেল | *Aegle marmelos* | বীজ/কলম | ৬-৮ | ২৫-৩৫ | |
| ৬৭. | চালমুগরা | *Hydnocarpus kurzii* | বীজ | ৬-৮ | ২৫-৩০ | |
| ৬৮. | ধুতরা | *Datura metel* | বীজ | ২-৩ | ২০-৩০ | |
| ৬৯. | হাড়জোড়া | *Vitis quadrangularis* | কাটিং | ৩-৪ | - | |
| ৭০. | উলটকম্বল | *Abroma augusta* | বীজ | ৪-৫ | ২০-৩০ | |
| ৭১. | কুচ | *Abrus precatorius* | বীজ | ২-৩ | - | |

| ক্রমিক নং | প্রজাতির নাম | বৈজ্ঞানিক নাম | বংশ বিস্তার কৌশল | চারার কাটিং এর বৈশিষ্ট্য | | |
|---|---|---|---|---|---|---|
| | | | | বয়স (মাস) | উচ্চতা (সে: মি:) | কলার ব্যাস (মি: মি:) |
| ৭২. | ঘৃতকুমারী | *Aloe vera* | অঙ্গজ | ৪-৫ | ১৫-২০ | |
| ৭৩. | কালোমেঘ | *Andrographis paniculata* | বীজ | ২-৩ | ২০-৩০ | |
| ৭৪. | থানকুনি | *Centella asiatical* | কাটিং | ১-২ | - | |
| ৭৫. | সর্পগন্ধা | *Rauwolfia serpentinal* | বীজ | ৪-৬ | ২৫-৩৫ | |
| ৭৬. | কুচিলা | *Strychnos nux-vomica* | কাটিং | ২-৩ | ২০-৩০ | |
| ৭৭. | তেতুল | *Tamarindus indica* | বীজ | ৪-৫ | ৪০-৫০ | |
| ৭৮. | তেলাকুচা | *Coccinia cordifolia* | বীজ | ৩-৪ | - | |
| ৭৯. | ভেরেন্ডা/জামাল | *Jatropha curcus* | বীজ/কাটিং | ৪-৫ | - | |
| ৮০. | মেন্দি | *Lawsonia inermis* | কাটিং | ৩-৫ | ২০-৩০ | |
| ৮১. | দাদমর্দন | *Cassia alata* | বীজ | ৩-৪ | ২০-৩০ | |
| ৮২. | অনন্তমূল | *Tylohora asthmatica* | বীজ | ৩-৪ | ২০-৩০ | |
| ৮৩. | সাজনা | *Moringa oleifera* | বীজ/কাটিং | ৩-৫ | ২৫-৩৫ | |
| ৮৪. | শতমূলী | *Asparagus recemosus* | মূল | ৩-৪ | ২০-৩০ | |
| ৮৫. | ঈশ্বরমূল | *Aristolochia indica* | বীজ | ৩-৪ | ২০-৩০ | |
| ৮৬. | পাথরকুচি | *Bryophyllum calycinum* | পাতা/কাটিং | ২-৩ | ২০-৩০ | |
| ৮৭. | মহাভৃঙ্গরাজ | *Eclipta alba* | বীজ | ৩-৪ | ২০-৩০ | |
| ৮৮. | কুরছি/ইন্দ্রযব | *Holarrhena antidysenterica* | বীজ | ৩-৪ | ৩০-৪০ | |
| ৮৯. | জলপাই | *Elaeocarpus robustus* | বীজ | ৬-৮ | ৩০-৪৫ | |
| ৯০. | দারুচিনি | *Cinnamomum tamala* | কাটিং/বীজ | ৬-৮ | ২০-৩০ | |

নার্সারী স্বত্বাধিকারীর
সত্যায়িত ছবি
(৩ কপি)

## **নার্সারী রেজিস্ট্রেশন ফরম**

**১ম অংশ (আবেদনকারী পূরণ করিবেন)**

বরাবর,
উপ-পরিচালক,
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর,

-------------------------- জেলা।

১। নার্সারীর নাম (প্রস্তাবিত)ঃ ----------------------------------------------------------------------------------------------------

২। নার্সারীর পূর্ণ ঠিকানা (অবস্থান)ঃ----------------------------------------------------------------------------------------------------

৩। নার্সারীর স্বত্বাধিকারী/কোম্পানী/প্রতিষ্ঠান এর নাম ঃ ----------------------------------------------------------------------------------------

৪। নার্সারীর স্বত্বাধিকারীর/কোম্পানী/প্রতিষ্ঠানের পূর্ণ ঠিকানা (বর্তমান ও স্থায়ী ঠিকানা)ঃ ------------------------------------------------------------
----------------------------------------------------------------------------------------------------------------------------------------------------
----------------------------------------------------------------------------------------------------------------------------------------------------

৫। নার্সারীর জমির পরিমাণ ঃ

(ক) নিজস্ব জমি (শতাংশ) ঃ

(খ) বন্দোবস্ত জমি (শতাংশ) ঃ

(গ) ভাড়া জমি (শতাংশ) ঃ

৬। নার্সারীতে যে সব ফসলের বীজ, চারা, কলম, বা প্রপাগিউল উৎপাদন করা হইবে তাহার নাম ঃ --------------------------------------------------
----------------------------------------------------------------------------------------------------------------------------------------
----------------------------------------------------------------------------------------------------------------------------------------

৭। মাতৃগাছের উৎস ঃ ------------------------------------------------------------------------------------------------

৮। বীজ, চারা, কলম ও অন্যান্য প্রপাগিউল উৎপাদনে ভৌত অবকাঠামোগত সুবিধাসমূহ ঃ ------------------------------

৯। দক্ষ ও প্রশিক্ষিত গার্ডেনার/মালী/নার্সারীম্যান এর সংখ্যা ঃ ---------------------------------------------------------

১০। আবেদনপত্র ফি (রশিদসহ জমা দিতে হইবে) ঃ

আমি -------------------------------------------এই মর্মে অঙ্গীকার করিতেছি যে, এই ফরমে উল্লেখিত সকল বিবরণ সত্য এবং আমি নার্সারী গাইডলাইনস, ২০০৮ এর যাবতীয় নিয়মনীতি অনুসরণ করিয়া আমার নার্সারীতে উদ্যান ফসলের এবং বনজ, ভেষজ ও শোভাবর্ধনকারী উদ্ভিদের বীজ, চারা, কলম বা প্রপাগিউল উৎপাদন ও বিপণন করিব। বর্ণিত তথ্যের ভিত্তিতে আমাকে রেজিস্ট্রেশন প্রদানের অনুরোধ করা হইল।

আবেদনকারীর স্বাক্ষর :

আবেদনকারীর পূর্ণ নাম :

টেলিফোন/মোবাইল নম্বর :

তারিখ ঃ ....................................

----------------------------------------------------------------------------------------------------------------------------------------

**২য় অংশ (কর্তৃপক্ষ)**

**ক) সুপারিশকারী কর্তৃপক্ষ ঃ (সংশ্লিষ্ট উপজেলা কৃষি কর্মকর্তা, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর)**

মতামত ঃ

স্বাক্ষর ও সিল
সংশ্লিষ্ট উপজেলা কৃষি কর্মকর্তা, ডিএই।

**খ) অনুমোদনকারী কর্তৃপক্ষ ঃ (মহাপরিচালক, বীজ উইং, কৃষি মন্ত্রণালয় এর পক্ষে সংশ্লিষ্ট উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর)**

১। নার্সারীর নাম ও ঠিকানা ঃ
২। রেজিস্ট্রেশন নম্বর (তারিখসহ) ঃ
৩। মতামত ঃ

অনুমোদিত/অননুমোদিত

**স্বাক্ষর ও সিল**

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আনোয়ার ফারুক**
অতিরিক্ত-সচিব
মহাপরিচালক, বীজ উইং।

মোঃ মাছুম খান (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ মজিবুর রহমান (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। www.bgpress.gov.bd